

# বেরোবির সাংবাদিকতা বিভাগে ফ্যাক্ট চেকিং বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

বেরোবি প্রতিনিধি

০৮ ডিসেম্বর,  
২০২৪ ২১:৫৫

শেয়ার

অ +

অ -



অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের বিভাগীয় প্রধান তাবিউর রহমান প্রধান। ছবি : কালের কঞ্চি

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগে ‘ফ্যাক্ট চেকিং আ্যাণ্ড ডিজিটাল হাইজিন’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সংবাদমাধ্যম উন্নয়ন সংস্থা মিডিয়া রিসোর্সেস ডেভেলপমেন্ট ইনশিয়েটিভ

(এমআরডিআই) এবং ইন্টারনিউজের উদ্যোগে এবং ইউএসএইডের সহযোগিতায় এ কর্মশালার আয়োজন করা হয়।

বৃথবার (৪ ডিসেম্বর) বিশ্ববিদ্যালয়ের কবি হায়াত মামুদ ভবনে সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত কর্মশালাটি অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. শওকাত আলী।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের বিভাগীয় প্রধান তাবিউর রহমান প্রধান। কর্মশালায় রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক ড. মো. সাইফুল আলম চৌধুরী এবং মিডিয়া রিসোর্সেস ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (এমআরডিআই)-এর নির্বাহী পরিচালক হাসিবুর রহমান।

কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. শওকাত আলী বলেন, সাংবাদিকতা একটি মাল্টিডিসিপ্লিনারি বিভাগ। অন্যান্য বিভাগের তুলনায় এখানে পড়াশোনার ধরন আলাদা।

এই বিভাগে পড়াশোনার পাশাপাশি বাস্তব জগতের সঙ্গে তাল মিলিয়ে চলার জন্য হাতে-কলমে শিক্ষা নেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ ধরনের কর্মশালা শিক্ষার্থীদের পেশাগত দক্ষতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি।

তিনি জানান, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগকে যুগোপযোগী করে তুলতে একটি ল্যাব প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হবে। আশা করি, এই বিভাগের শিক্ষার্থীরা তাদের কর্মের মাধ্যমে বিভাগ এবং বিশ্ববিদ্যালয়কে দেশে-বিদেশে ইতিবাচকভাবে উপস্থাপন করবে।

উপাচার্য অধ্যাপক শওকাত আলী কর্মশালার আয়োজনের জন্য মিডিয়া রিসোর্সেস ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (এমআরডিআই)-কে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং বিভাগের নানা সমস্যা সমাধানে প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দেন।

এমআরডিআইয়ের নির্বাহী পরিচালক হাসিবুর রহমান বলেন, সংবাদমাধ্যম উন্নয়নে কাজের অংশ হিসেবে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগের সঙ্গে বিভিন্ন ইস্যুতে কাজ করতে চায় এমআরডিআই। ফ্যাক্ট চেকিং বিষয়ে সাংবাদিকতা বিভাগে ল্যাব প্রতিষ্ঠায় সহযোগিতার আশ্বাস দেন তিনি।

সভাপতির বক্তব্যে বিভাগীয় প্রধান তাবিউর রহমান প্রধান বলেন, শিক্ষার্থীদের দক্ষতা বাড়াতে সাংবাদিকতা বিভাগ ক্লাসের পড়াশোনার পাশাপাশি এমন কর্মশালা বেশি বেশি আয়োজন করতে চায়। এক্ষেত্রে সহযোগিতা কামনা করেন তিনি।

কর্মশালায় আরো বক্তব্য দেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম।  
এ ছাড়া বিভাগের অন্য শিক্ষকরা কর্মশালায় উপস্থিত ছিলেন।